গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বৈদেশিক সংগ্রহ শাখা

**খাদ্য মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মার্চ, ২০১৯ মাসের (২০১৮-১৯ অর্থ বছরের ৮ম সভা) সভার কার্যবিবরণী:**

সভাপতি : সালমা মমতাজ, অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ : ০৭-০৩-২০১৯ খ্রি:
সভার সময় : সকাল ১১.০০টা
সভার স্থান : খাদ্য মন্ত্রণালয়ের মিনি কনফারেন্স রুম।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত ও ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন।

২। সভার আলোচনা ও সিদ্ধান্ত:

সভায় উপস্থিত সকলকে স্বাগত ও ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। সভায় গত ৩০ জানুয়ারি, ২০১৯ খ্রি. অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণের প্রস্তাব উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সকলেই একমত পোষণ করেন। অত:পর মার্চ, ২০১৯ মাসে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে এবং বাস্তবায়ন অগ্রগতির তথ্যের ভিত্তিতে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের কর্মশালা | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের কর্মশালা আগামী ২৭-৩১ মার্চ, ২০১৯ তারিখে ঢাকার ইস্কাটন গার্ডের রোডস্থ (প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২) আধুনিক খাদ্যগুদাম নির্মাণ প্রকল্পের কনফারেন্স রুমে আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া কর্মশালায় অংশগ্রহণের জন্য মন্ত্রণালয়, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, খাদ্য অধিদপ্তর থেকে কর্মকর্তা মনোনয়ন প্রদানের বিষয়েও আলোচনা হয়। | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের কর্মশালা আগামী ২৭-৩১ মার্চ, ২০১৯ তারিখে ঢাকার ইস্কাটন গার্ডের রোডস্থ (প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২) আধুনিক খাদ্যগুদাম নির্মাণ প্রকল্পের কনফারেন্স রুমে আয়োজনের এবং কর্মশালায় অংশগ্রহণের জন্য মন্ত্রণালয় থেকে ০৬ জন, এফপিএমইউ থেকে ০৩ জন, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ থেকে ০২ জন, অধিদপ্তর থেকে ০৯ জন কর্মকর্তার মনোনয়ন প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হয়। পত্রের অনুলিপি এটুআই, অর্থ বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগকে প্রদান করা যায়। | ইনোভেশন টিম, খাদ্য মন্ত্রণালয় । |
| ২. চলমান ইনোভেশন আইডিয়াসমূহ বাস্তবায়ন অগ্রগতি | (ক) বাংলাদেশ সচিবালয়ে ফুড গ্রেডেড প্যাকেটজাতকৃত ওএমএস আটা বিক্রির কার্যক্রম এর অনুরুপ কার্যক্রম ঢাকা শহরে রেপ্লিকেশন করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় সভাপতি জানান যে, ঢাকা শহরের আরো ০২ (দুই) টি স্থানে রেপ্লিকেশন করা প্রয়োজন। | (ক) ফুড গ্রেডেড প্যাকেটের মাধ্যমে প্যাকেটজাতকৃত ওএমএস আটা বিক্রির কার্যক্রম ঢাকা শহরের আজিমপুর ও মিরপুর কোয়ার্টারে চালুর বিষয়ে মন্ত্রণালয় থেকে অনুমোদন পাওয়ার পরপরই কার্যক্রম শুরুর প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে অনুরোধ করা যায়। | (ক) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৩.ওএমএস অ্যাপস সম্প্রসারণ ও উদ্বোধন | ওএমএস অ্যাপস এর মাধ্যমে ডিলারদের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন এর কাজ উদ্বোধন বিষয়ে আলোচনা করা হয় এবং ওএমএস এন কার্যক্রম তদারকি করার জন্য মনিটরিং অফিসার নিয়োগের বিষয়ে সভায় আলোচনা হয়। জনাব তপন কুমার দাস, প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, জুরাইন সভায় জানান যে, ইতোমধ্যে ৮ জন অফিসারকে অধিদপ্তর হতে মনিটরিং অফিসার হিসেবে মনোনয়ন দেওয়া হয়েছে। | ওএমএস অ্যাপস এর মাধ্যমে ডিলারদের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন এর কাজের উদ্বোধনের একটি তারিখ আগামী সভায় উপস্থাপন করতে হবে। অ্যাপস এর কার্যক্রম মনিটরিং এর জন্য মন্ত্রণালয়ের ইনোভেশন টিম মাসের ১ম পাক্ষিকে এবং অধিদপ্তরের ইনোভেশন টিম মাসের ২য় পাক্ষিকে সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবে। | ইনোভেশন টিম, খাদ্য মন্ত্রণালয়, ইনোভেশন টিম, খাদ্য অধিদপ্তর, জনাব পরিমল চন্দ্র সরকার, পরিচালক, খাদ্য অধিদপ্তর ও জনাব তপন কুমার দাস, প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং,জুরাইন এবং সফট বিডি। |
| ৪. ০৩/০৪ মিনিটের ভিডিও তৈরি | ওএমএস প্যাকেট আটা বিক্রি, ওএমএস এর কার্যক্রমে স্বচ্ছতা আনয়নের জন্য এ্যাপস এবং নিরাপদ পথ খাবার বিক্রয় কার্যক্রমের উপরে ৩/৪ মিনিটের ভিডিও তৈরির বিষয়ে সভায় আলোচনা হয়। | ওএমএস প্যাকেট আটা বিক্রি, ওএমএস এর কার্যক্রমে স্বচ্ছতা আনয়নের জন্য এ্যাপস তৈরির বিষয়ে এবং নিরাপদ পথ খাবার বিক্রয় কার্যক্রমের ৩/৪ মিনিটের ভিডিও তৈরির কাজ মার্চ/২০১৯ মাসের মধ্যেই সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয় । | জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর ও জনাব অনিমা রানী বিশ্বাস, উপসচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। |
| ৫. ২০১৮-১৯ সালের নতুন আইডিয়া বাস্তবায়ন | (১) 'এসিআর ডিজিটাইলেশন' বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জনাব মোঃ মোবারক হোসেন, প্রোগ্রামার জানান যে, 'এসিআর ডিজিটাইলেশন' বাস্তবায়নের পাইলট কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। | (১) ইনোভেশন আইডিয়া 'এসিআর ডিজিটাইলেশন' এর পাইলট কার্যক্রম আগামী এপ্রিল, ২০১৯ এর মধ্যে পাইলট সম্পন্ন করার জন্য, সভায় সিদ্ধান্ত গৃহীত হয় । | (১) জনাব সরকার আবুল কালাম আজাদ, অতিরিক্ত সচিব (প্রশাসন)- মেন্টর ও জনাব মোবারক হোসেন, প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়- টিম লিডার। |
| | (২) এসএমএসের মাধ্যমে খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় চাল প্রদান আইডিয়াটি ঢাকা বিভাগের ফরিদপুর সদর উপজেলাসহ ০৮ বিভাগের কমপক্ষে ৮টি উপজেলায় পাইলট বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | (২) এসএমএসের মাধ্যমে খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় চাল প্রদান আইডিয়াটি নিম্নলিখিত ৮ টি উপজেলায় পাইলট প্রকল্প হিসেবে আগামী এপ্রিল, ২০১৯ এর মধ্যে বাস্তবায়ন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১. ঢাকা-ফরিদপুর সদর উপজেলা<br>২. চট্টগ্রাম- নাসির নগর উপজেলা<br>৩. চট্টগ্রাম- সরাইল উপজেলা<br>৪. সিলেট-সুনামগঞ্জ সদর উপজেলা<br>৫. রাজশাহী-শেরপুর উপজেলা<br>৬. রংপুর-ফুলবাড়ি উপজেলা<br>৭. খুলনা-মিরপুর উপজেলা<br>৮. বরিশাল - হিজলা উপজেলা ।<br>প্রকল্পের কার্যক্রম শেষে আগামী মার্চ/২০১৯ এর মধ্যে প্রতিবেদন | (২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)- মেন্টর ও সংশ্লিষ্ট উপজেলার উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ -টিম লিডার। |

| | | | |
|---|---|---|---|
| | (৩) রাণীশংকৈল উপজেলায় ধান/গম সংগ্রহকালে নমুনা পরীক্ষাকরণ ও বিনির্দেশ অবহিতকরণ বুথ তৈরির আইডিয়াটি বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | দাখিলের জন্যও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে বলা হলো।<br><br>(৩) রাণীশংকৈল উপজেলায় ধান/গম সংগ্রহকালে নমুনা পরীক্ষাকরণ ও বিনির্দেশ অবহিতকরণ বুথ তৈরির আইডিয়াটি আগামী এপ্রিল, ২০১৯ এর মধ্যে পাইলট প্রকল্প হিসেবে সম্পন্ন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পের কার্যক্রম শেষে প্রতিবেদন দাখিলের জন্যও বলা হল। বুথ তৈরির আইডিয়াটি বাস্তবায়ন করতে কোন অর্থের প্রয়োজন নেই। | (৩) জনাব মোঃ মনিরুজ্জামান, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী-মেন্টর ও জনাব মোঃ বাবুল হোসেন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাঁকুরগাও-টিম লিডার |
| ৬. মাঠ পর্যায়ে চলমান আইডিয়া/কার্যক্রম পরিদর্শন | মাঠ পর্যায়ে চলমান পাইলট প্রকল্প পরিদর্শনের জন্য মন্ত্রণালয়ের ইনোভেশন টিম আগামী এপ্রিল, ২০১৯ এ ফিঙ্গার প্রিন্টের মাধ্যমে ওএমএস/ নিরাপদ সাইলো/ খাদ্যবান্ধব মনিটরিং এর জন্য ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা, মুন্সিগঞ্জ, আশুগঞ্জ এবং রাণীশংকৈল উপজেলায় ধান/গম সংগ্রহ বুথ ও ফরিদপুর সদর উপজেলায় এসএমএসের মাধ্যমে ১০ টাকার চাল প্রদান কার্যক্রম পরিদর্শনে যাওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | মাঠ পর্যায়ে চলমান পাইলট প্রকল্প পরিদর্শনের জন্য মন্ত্রণালয়ের ইনোভেশন টিম আগামী এপ্রিল, ২০১৯ এ ফিঙ্গার প্রিন্টের মাধ্যমে ওএমএস//নিরাপদ সাইলো/ খাদ্যবান্ধব মনিটরিং এর জন্য ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা, মুন্সিগঞ্জ, আশুগঞ্জ এবং রাণীশংকৈল উপজেলায় ধান/গম সংগ্রহ বুথ ও ফরিদপুর সদর উপজেলায় এমএসএসের মাধ্যমে ১০ টাকার চাল প্রদান কার্যক্রম পরিদর্শনে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৬. ইনোভেশন টিম খাদ্য মন্ত্রণালয়, জনাব সুবীর নাথ চৌধুরী, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া, জনাব মোঃ বাবুল হোসেন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাঁকুরগাও, জনাব তাজুল ইসলাম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর সদর, জেলা খাদ্য নিয়ন্ত্রক মুন্সিগঞ্জ এবং সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো, খন্দকার সেরাজুস সালেকীন, রক্ষণ প্রকৌশলী, আশুগঞ্জ সাইলো, আশুগঞ্জ। |
| ৭.ইনোভেশন শোকেসিং | খাদ্য মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বাস্তবায়িত এবং বাস্তবায়ন যোগ্য ইনোভেশন আইডিয়া শোকেসিং বিষয়ে আলোচনা হয় । | আগামী মে, ২০১৯ মাসে খাদ্য মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বাস্তবায়িত এবং বাস্তবায়নযোগ্য ইনোভেশন আইডিয়া শোকেসিং খাদ্য অধিদপ্তরে অনুষ্ঠিত হবে। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও ইনোভেশন টিম, খাদ্য মন্ত্রণালয়। |
| ৮. স্বীকৃতি বা প্রণোদনা প্রদান দেশে/বিদেশে শিক্ষা সফর /প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রাম। | মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ হতে কর্মকর্তাদের দেশে/বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে ভারত ও শ্রীলংকায় প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ হতে কর্মকর্তাদের দেশে/বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। কর্মকর্তাদেরকে আগামী মে ও জুন মাসে ভারত ও শ্রীলংকায় প্রেরণ করা হবে। কমিটিকে আগামী | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও ইনোভেশন টিম, খাদ্য মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| | | এপ্রিল/২০১৯ এর মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো। | |
| ৯। ইনোভেশন বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | ইনোভেশন বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এর বিষয়ে সভায় আলোচনা হয়। | ইনোভেশন বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এর জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী ৩০ এপ্রিল, ২০১৯ এর মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করার জন্য অনুরোধ করা হলো। | ইনোভেশন টিম, খাদ্য মন্ত্রণালয়। |

অত:পর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/৩/২০১৯
(সালমা মমতাজ)
অতিরিক্ত সচিব ও
চিফ ইনোভেশন অফিসার

স্মারক নং-১৩.০০.০০০০.০৪৪.৩২.০০৩.১৮- ৭১ তারিখ: ১৪ /০৩/২০১৯খ্রি.

**বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আঃ গণি রোড, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ইস্টার্ণ গার্ডেন ,৭১-৭২, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। ড.অনিমা রাণী নাথ, যুগ্মসচিব (অভ্যন্তরীণ সংগ্রহ), খাদ্য মন্ত্রণালয়।
৪। মোছাঃ কামার জাহান, উপসচিব, খাদ্য মন্ত্রণালয়।
৫। জনাব অনিমা রাণী বিশ্বাস, ইনোভেশন অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৬। জনাব সমীর কুমার বিশ্বাস, উপসচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৭। জনাব মোহাম্মদ হেলাল উদ্দিন, উপসচিব, খাদ্য মন্ত্রণালয়।
৮। জনাব আবুল কালাম আজাদ, উপসচিব, খাদ্য মন্ত্রণালয়।
৯। জনাব মোহাম্মদ আবু নাসের বেগ, উপসচিব, খাদ্য মন্ত্রণালয়।
১০। জনাব আব্দুল্লাহ আল মামুন, পরিচালক (চসসাবি) ও ইনোভেশন অফিসার, খাদ্য অধিদপ্তর।
১১। জনাব পরিমল চন্দ্র সরকার, পরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আঃ গণি রোড, ঢাকা।
১২। সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো, আশুগঞ্জ।
১৩। জনাব মোহাম্মদ আবু কাউছার, সিনিয়র সহকারী প্রধান, খাদ্য মন্ত্রণালয়।
১৪। জনাব তপন কুমার দাস, প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং,জুরাইন, ঢাকা।
১৫। জনাব মোহাম্মদ ইসমাইল মিয়া, গবেষণা কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়।
১৬। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর।
১৭। জনাব মোঃ মোবারক হোসেন, প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়।
১৮। খন্দকার সেরাজুস সালেকীন, রক্ষণ প্রকৌশলী, আশুগঞ্জ সাইলো, আশুগঞ্জ।
১৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর সদর উপজেলা/ নাসির নগর উপজেলা/ সরাইল উপজেলা/ সুনামগঞ্জ সদর উপজেলা/শেরপুর উপজেলা/ ফুলবাড়ি উপজেলা/ মিরপুর উপজেলা/ হিজলা উপজেলা।